

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA**

**Date : 29-05-2025**

**Time: 07.35-07.40 AM Hrs  
BENGALI MORNING BULLETIN**

---

**PM-Tour :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ সিকিম, পশ্চিমবঙ্গ, বিহার এবং উত্তরপ্রদেশে দুদিনের সফরে যাবেন। সফরকালে তিনি ৭০,০০০ কোটি টাকার একাধিক উন্নয়ন প্রকল্পের উদ্বোধন, উৎসর্গ এবং ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন। সিকিমে, প্রধানমন্ত্রী “Sikkim@50: Where Progress meets purpose and nature nurtures growth” কর্মসূচিতে অংশগ্রহণ করবেন। শ্রী মোদী রাজ্য প্রতিষ্ঠার ৫০ বছর পূর্তি উপলক্ষে স্মারক মুদ্রা এবং ডাকটিকিটও প্রকাশ করবেন। প্রধানমন্ত্রী পশ্চিমবঙ্গে আলিপুরদুয়ার এবং কোচবিহার জেলায় সিটি গ্যাস বিতরণ প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন। তিনি বিহারে পাটনা বিমানবন্দরের নতুন টার্মিনাল ভবনেরও উদ্বোধন করবেন। এছাড়া প্রধানমন্ত্রী উত্তরপ্রদেশ সফরকালে কানপুরে একাধিক উন্নয়নমূলক প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন এবং জনসভায় ভাষণও দেবেন।

\*\*\*\*\*

**Vikshit Bharat Krishi Sankalp Abhiyan :**

খারিফ মরশুমকে সামনে রেখে কৃষিক্ষেত্র আত্মনির্ভর হওয়ার জন্য আজ থেকে শুরু হতে যাচ্ছে বিকশিত কৃষি সংকল্প অভিযান। সারা দেশের সঙ্গে ত্রিপুরাতেও এই অভিযান চলবে আগামী ১২ জুন পর্যন্ত। গতকাল সচিবালয়ে এক আয়োজিত সাংবাদিক সম্মেলনে কৃষি ও কৃষক কল্যাণ দপ্তরের মন্ত্রী রতনলাল নাথ এই সংবাদ জানান।

কৃষিমন্ত্রী জানান, আজ থেকে ১২ জুন পর্যন্ত সারা রাজ্যের ৮টি জেলার ৮৬৪টি স্থানে এই অভিযান উপলক্ষ্যে কৃষি সচেতনতা সভা অনুষ্ঠিত হবে। প্রতি জেলায় তিনটি করে কমিটি গঠন করা হবে। প্রতিদিন ৭২টি সভা করা হবে। ন্যূনতম ২০০ জন কৃষকদের নিয়ে এই সভাগুলি করা হবে।

এই অভিযানে মোট ২৪টি কৃষি রথকে রাজ্যব্যাপী কাজে লাগানো হবে। কৃষি সংক্রান্ত প্রচার অভিযানের জন্য প্রতিটি টিমের সাথে থাকবে একটি করে রথ। আজ সিপাহীজলা জেলায় এই অভিযান কর্মসূচির সূচনা হবে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহার উপস্থিতিতে। তিনি জানান, এই অভিযানের মূল উদ্দেশ্যই হচ্ছে দেশে কৃষিক্ষেত্রের সমৃদ্ধি ঘটানো এবং আধুনিক কৃষি প্রযুক্তির ধারণাকে কৃষকদের কাছে পৌঁছানো।

\*\*\*\*\*

### **Workshop :**

খোয়াই জিলা পরিষদের উদ্যোগে জেলা প্রশাসনের কনফারেন্স হলে পঞ্চায়েতের উন্নয়নমূলক কাজকর্ম নিয়ে জেলাভিত্তিক এক কর্মশালা গতকাল অনুষ্ঠিত হয়। এর উদ্বোধন করে খোয়াই জিলা পরিষদের সভাপতি অপরূপা সিংহ রায় (দত্ত) বলেন, বিভিন্ন প্রকল্পের সুফল যাতে সবাই পেতে পারেন সেদিকে লক্ষ্য রাখতে হবে। তিনি উন্নয়নমূলক কাজে সাহায্যের হাত বাড়িয়ে দেওয়ার জন্য সবার প্রতি আহ্বান জানান।

কর্মশালায় রিসোর্সপার্সন কুল্লল চক্রবর্তী এবং অমৃত দাস উন্নত পঞ্চায়েত গড়ে তোলার বিভিন্ন বিষয়ের উপর বক্তব্য রাখেন। কর্মশালায় খোয়াই জিলা পরিষদের সহসভাপতি সত্যেন্দ্র চন্দ্র দাস সহ জিলা পরিষদ, পঞ্চায়েত সমিতি, ব্লকের প্রতিনিধি সহ বিভিন্ন আধিকারিকেরা উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*

### **NCC :**

আগরতলার শহীদ ভগৎ সিং যুব আবাসে ১০ দিনব্যাপী এনসিসি ক্যাডেটদের বার্ষিক কাম্বাইন্ড প্রশিক্ষণ শিবির গতকাল থেকে শুরু হয়েছে। ১৩ ত্রিপুরা ব্যাটেলিয়ান এনসিসি'র কর্ণেল সি রাজশেখর এই প্রশিক্ষণ শিবিরের উদ্বোধন করেন। শিবিরে সারা রাজ্যের ১৫টি বিদ্যালয় ও মহাবিদ্যালয়ের সিনিয়র ডিভিশন, সিনিয়র উইং, জুনিয়র ডিভিশন ও জুনিয়র উইং থেকে মোট ৫৩৯ জন এনসিসি ক্যাডেট অংশ নিয়েছে। ১০

দিনব্যাপী এই প্রশিক্ষণ শিবিরে এনসিসি আধিকারিকরা ক্যাডেটদের শৃঙ্খলা, নিয়মানুবর্তিতা, পিটি, ড্রিল, ব্যক্তিস্ব উন্নয়ন, যোগা, ম্যাপ রিডিং, সাইবার নিরাপত্তা, স্বাস্থ্য সচেতনতা, পরিষ্কার পরিচ্ছন্নতা, ট্রাফিক ব্যবস্থা, ব্যাঙ্ক পরিষেবা, অঙ্কন, কম্পিউটার শিক্ষণ, দক্ষতা উন্নয়ন, প্রাকৃতিক দুর্যোগ ব্যবস্থাপনা ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণ দিচ্ছেন।

\*\*\*\*\*

### **Standing Committee Meeting :**

গতকাল বিলোনিয়ায় দক্ষিণ ত্রিপুরা জিলা পরিষদের শিক্ষা, স্বাস্থ্য, সামাজিক ন্যায় ও দারিদ্র্য দূরীকরণ স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়। পৃথক পৃথক এই সভাগুলিতে উপস্থিত ছিলেন দক্ষিণ জেলার জিলা পরিষদের সভাধিপতি দীপক দত্ত, সহকারী সভাধিপতি তপন দেবনাথ।

\*\*\*\*\*

### **Football :**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত ঘরোয়া তৃতীয় ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার ফাইনালে উত্তর বাধারঘাটের স্বামী বিবেকানন্দ ক্লাব খেলবে ভাটি অভয়নগরের বিবেকানন্দ ক্লাবের বিরুদ্ধে। আগামী ৩ জুন নির্ণায়ক ম্যাচটি হবে।

\*\*\*\*\*

### **Weather :**

আবহাওয়া দপ্তরের পক্ষ থেকে রাজ্যের সব জেলায় ভারী থেকে অতি ভারী বৃষ্টিপাত এবং বজ্রবিদ্যুৎ সহ ঘন্টায় ৪০ থেকে ৬০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া বয়ে যাওয়ার সর্বকর্তা জারি করা হয়েছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ২৯ ডিগ্রি সেলসিয়াস। ভোরের সর্বনিম্ন তাপমাত্রা ২৩ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি ছিল। সকাল সাড়ে ৫টা পর্যন্ত বৃষ্টিপাতের পরিমাণ ৭.৮ মিলিমিটার।

\*\*\*\*\*